**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**অর্থ মন্ত্রণালয়**
**জাতীয় রাজস্ব বোর্ড**

Bangladesh Tax Update
www.kdroy.com.bd/www.ltr.com.bd

**(আয়কর)**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২০ জ্যৈষ্ঠ, ১৪২৮ বঙ্গাব্দ /০৩ জুন, ২০২১ খ্রিষ্টাব্দ।

**এস. আর. ও. নং-১৬৮-আইন/আয়কর/২০২১।-** Income tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1984), অতঃপর উক্ত Ordinance বলে উল্লিখিত, এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে, সরকার সকল প্রতিষ্ঠানের তফসিল-১ এ বর্ণিত শিক্ষা এবং প্রশিক্ষণ প্রদান কার্যক্রম হইতে অর্জিত আয়ের উপর উক্ত Ordinance এর অধীন প্রদেয় আয়কর হইতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে ১০ (দশ) বৎসরের জন্য সম্পূর্ণভাবে কর অব্যাহতি প্রদান করিল, যথা:-

**<u>শর্তাবলি:</u>**

(১) তফসিল-১ এ বর্ণিত শিক্ষা এবং প্রশিক্ষণ প্রদানকারী (অতঃপর শুধুমাত্র 'প্রশিক্ষণ প্রতিষ্ঠান') প্রতিষ্ঠানকে কোম্পানী আইন, ১৯৯৪ (১৯৯৪ সনের ১৮ নং আইন) এর অধীন নিবন্ধিত হইতে হইবে;

(২) প্রশিক্ষণ প্রতিষ্ঠানকে বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ কর্তৃক নিবন্ধিত হইতে হইবে এবং অন্যূন পাঁচ কোটি টাকা বিনিয়োগ করিতে হইবে;

(৩) প্রশিক্ষণ প্রতিষ্ঠানকে, ক্ষেত্রমত, বাংলাদেশ কারিগরী শিক্ষা বোর্ড, স্বাস্থ্য অধিদপ্তর বা বাংলাদেশ নার্সিং এন্ড মিডওয়াইফারি কাউন্সিল কর্তৃক অনুমোদিত হইতে হইবে এবং জাতীয় দক্ষতা উন্নয়ন নীতিমালাসহ অনুমোদিত কারিকুলাম অনুসরণ করিতে হইবে;

(৪) সরকারি নীতিমালা অনুযায়ী স্থায়ী শিক্ষক, প্রশিক্ষক, অবকাঠামো এবং সচল ল্যাব বা ওয়ার্কশপ থাকিতে হইবে;

(৫) এই প্রজ্ঞাপনের অধীন অনুমোদিত প্রতিষ্ঠানকে উক্ত Ordinance এর বিধানাবলি পরিপালন করিতে হইবে;

(৬) এই প্রজ্ঞাপনে বর্ণিত শিক্ষা এবং প্রশিক্ষণ প্রদান কার্যক্রম হইতে অর্জিত আয় ব্যতিরেকে অন্যান্য সকল প্রকার আয়ের ক্ষেত্রে এই প্রজ্ঞাপনের সুবিধা প্রযোজ্য হইবে না;

(৭) উপরি-উক্ত শর্তাবলির পরিপালন এবং তফসিল-২ মোতাবেক প্রশিক্ষণ প্রতিষ্ঠান অনুমোদনের তারিখ হইতে পরবর্তী ১০ (দশ) বৎসরের জন্য এই প্রজ্ঞাপনের সুবিধা প্রাপ্য হইবে।

**তফসিল-১**

নিম্নবর্ণিত শিক্ষা এবং প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠানকে এই প্রজ্ঞাপনের অধীন কর অব্যাহতির নিমিত্ত অনুমোদন করা যাইবে-

১। কৃষি, ফিশারিজ, বিজ্ঞান ও আইটি খাতের সকল ধরনের ডিপ্লোমা ডিগ্রি ও ভোকেশনাল শিক্ষা;

২। অটোমোবাইল, এয়ারক্রাফট সংরক্ষণ, খাদ্য, ফুটওয়ার, গ্লাস, মাইনিং, মেকানিক্যাল, শিপ বিল্ডিং, লেদার, রেফ্রিজারেশন, সিরামিক্স, মেকানিস্ট, গার্মেন্টস্ ডিজাইন এবং প্যাটার্ন মেকিং, ফার্মেসি, নার্সিং, ইন্টিগ্রেটেড মেডিক্যাল, রেডিওলজি এন্ড ইমেজিং, আল্ট্রাসাউন্ড, ডেন্টাল, এনিম্যাল হেলথ এন্ড প্রডাকশন সার্ভিস, ক্লদিং ও গার্মেন্ট ফিনিসিং, পোল্ট্রি ফার্মিং এর উপর পেশাগত প্রশিক্ষণ দান।

**তফসিল-২**

১। এই প্রজ্ঞাপনে উল্লিখিত অব্যাহতির সুযোগ গ্রহণ করিবার জন্য সংশ্লিষ্ট শিক্ষা ও প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠানকে এই প্রজ্ঞাপনে উল্লিখিত শর্তাবলি পরিপালন করা হইবে মর্মে নন-জুডিসিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা প্রদানপূর্বক আনুষঙ্গিক দলিলাদিসহ জাতীয় রাজস্ব বোর্ডের নিকট তফসিল এর অনুচ্ছেদ ২ মোতাবেক আবেদন করিতে হইবে।

২। কোম্পানির ব্যবস্থাপনা পরিচালক নিম্নবর্ণিত আবেদন ফর্মের নির্ধারিত স্থানে প্রত্যয়ন এবং স্বাক্ষর করিয়া ২ (দুই) কপি জাতীয় রাজস্ব বোর্ডে দাখিল করিবেন:

**<u>আবেদন পত্র</u>**

ক. কোম্পানির নাম ও টিআইএন:
খ. কোম্পানির নিবন্ধনের তারিখ:
গ. কোম্পানির নিবন্ধিত অফিসের পূর্ণাঙ্গ ঠিকানা:
ঘ. প্রজ্ঞাপনের শর্তানুযায়ী প্রস্তুত হইবার তারিখ:
ঙ. বিনিয়োগের পরিমাণ:
চ. পরিশোধিত মূলধনের পরিমাণ:
ছ. অনুমোদিত মূলধনের পরিমাণ:
জ. স্থায়ী কর্মচারীর সংখ্যা:
ঝ. স্থায়ী অবকাঠামোর বিবরণ:
ঞ. কারিকুলাম:
ট. ক্যাম্পাসের অবস্থান ও ঠিকানা:

তারিখ: ব্যবস্থাপনা পরিচালকের স্বাক্ষর

**প্রতিপাদন এবং স্বাক্ষর**

আমি…………………… সশ্রদ্ধচিত্তে ঘোষণা করিতেছি যে, এই রিটার্ন এবং সংযুক্ত তথ্য ও প্রমাণাদি আমার জ্ঞান ও বিশ্বাসমতে সঠিক ও সম্পূর্ণ।

তারিখ: ব্যবস্থাপনা পরিচালকের স্বাক্ষর

৩। আবেদনপত্রের সহিত আবশ্যিক সংযুক্তি:
ক. কোম্পানির নিবন্ধন সনদের কপি;
খ. শিক্ষা ও প্রশিক্ষণ কার্যক্রম আরম্ভের সনদের কপি;
গ. কোম্পানির মেমোরেন্ডাম এবং আর্টিক্যাল অব এসোসিয়েশনের কপি;
ঘ. আবেদনের মাসের পূর্ববর্তী মাস পর্যন্ত কোম্পানির নিরীক্ষিত আর্থিক বিবরণী সমূহ;
ঙ. ক্লাস রুম, স্থায়ী শিক্ষক, অবকাঠামো, ল্যাব ইত্যাদির বিস্তারিত বিবরণ;

চ. বিনিয়োগের বিস্তারিত বিবরণ;
ছ. ভাড়ায় বা লীজে বিল্ডিং বা যন্ত্রপাতি ব্যবহৃত হইলে তাহার বিস্তারিত বিবরণ;
জ. কারিকুলাম এবং প্রতিষ্ঠান অনুমোদনের সনদ।

৪। কোম্পানির আবেদনের প্রেক্ষিতে নিম্নবর্ণিত কমিটি আবেদনের বিষয়ে অনুসন্ধান কার্যক্রম পরিচালনাপূর্বক অনুসন্ধান প্রতিবেদন জাতীয় রাজস্ব বোর্ডের নিকট দাখিল করিবে-

| | | |
|---|---|---|
| (ক) | প্রথম সচিব (কর নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা | আহবায়ক |
| (খ) | সংশ্লিষ্ট উপ-কর কমিশনার | সদস্য |
| (গ) | শর্তাবলির অনুচ্ছেদ- ৩ এ বর্ণিত অনুমোদনকারী কর্তৃপক্ষের একজন উপযুক্ত প্রতিনিধি | সদস্য |
| (ঘ) | দ্বিতীয় সচিব (কর আইন-১), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা | সদস্য সচিব। |

৫। পরিদর্শনের আদেশ প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে তফসিল-২ এর অনুচ্ছেদ ৪ এ উল্লিখিত কমিটি সংশ্লিষ্ট প্রতিষ্ঠান পরিদর্শনপূর্বক পরিদর্শন প্রতিবেদন জাতীয় রাজস্ব বোর্ডে দাখিল করিবে এবং উক্ত কমিটির আবেদনের প্রেক্ষিতে বোর্ড যৌক্তিক সময় বৃদ্ধি করিতে পারিবে।

৬। পরিদর্শন প্রতিবেদন প্রাপ্তির পর জাতীয় রাজস্ব বোর্ড প্রতিবেদন বিবেচনাপূর্বক এই প্রজ্ঞাপনের শর্তাবলি যথাযথভাবে প্রতিপালিত হইয়াছে মর্মে সন্তুষ্ট হইলে উক্ত প্রতিবেদন প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে সংশ্লিষ্ট শিক্ষা ও প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠানকে অব্যাহতি সনদ প্রদান করিবে অথবা, ক্ষেত্রমত, আবেদন প্রত্যাখাত হইয়াছে মর্মে আবেদনকারীকে লিখিতভাবে অবহিত করিবে।

৭। দাখিলকৃত আবেদন প্রত্যাখাত হইলে আবেদনকারী জাতীয় রাজস্ব বোর্ডের সিদ্ধান্ত পুনর্বিবেচনা করিবার নিমিত্ত আবেদন করিতে পারিবে এবং উক্ত পুনর্বিবেচনার আবেদন দাখিলের ৩০ (ত্রিশ) দিনের মধ্যে জাতীয় রাজস্ব বোর্ডের সদস্য পদমর্যাদার একজনকে আহবায়ক করিয়া তিন সদস্য বিশিষ্ট কমিটি আবেদনকারীকে শুনানীর সুযোগ প্রদানপূর্বক চূড়ান্ত সিদ্ধান্ত প্রদান করিবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

Bangladesh Tax Update
www.kdroy.com.bd/www.ltr.com.bd

**আবু হেনা মোঃ রহমাতুল মুনিম**
সিনিয়র সচিব